

# যুগান্তর

## পবিপ্রবির নতুন রেজিস্ট্রার ড. মোহাম্মদ কামরুল

👤 পবিপ্রবি (পটুয়াখালী) প্রতিনিধি

🕒 ১৯ মে ২০২১, ২০:৩৯:০০ | [অনলাইন সংস্করণ](#)



পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কাউন্সিল অ্যাফেয়ার্স সেকশনের ডেপুটি রেজিস্ট্রার ড. মোহাম্মদ কামরুল ইসলামকে বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার হিসেবে দায়িত্ব প্রদান করা হয়েছে।

পবিপ্রবির নবনিযুক্ত উপাচার্য ও সদ্য সাবেক রেজিস্ট্রার প্রফেসর ড. স্বদেশ চন্দ্র সামন্ত স্বাক্ষরিত এক অফিস-আদেশ থেকে এ তথ্য নিশ্চিত হওয়া গেছে।

ড. কামরুল পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় থেকে স্নাতকোত্তর ও স্কলারশিপ নিয়ে দক্ষিণ কোরিয়া থেকে পিএইচডি ডিগ্রি সম্পন্ন করেছেন। ছাত্রজীবনে তিনি টানা দুই মেয়াদে পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক ছিলেন।

উল্লেখ্য, এর আগে নবনিযুক্ত রেজিস্ট্রার ড. মো. কামরুল ইসলাম জনসংযোগ কর্মকর্তা, কাউন্সিল অ্যাফেয়ার্স সেকশনের ডেপুটি রেজিস্ট্রার, উপাচার্যের পিএস, তথ্য প্রদানকারী ইউনিটের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাসহ নানা দায়িত্ব সফলভাবে পালন করেছেন।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2021